রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ১, ২০২৬

৬ষ্ঠ খণ্ড

প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।

[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে]

আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়

গণ-বিজ্ঞপ্তি

তারিখ: ১২ ডিসেম্বর ২০২৫/২৭ অগ্রহায়ণ ১৪৩২

নং **১৭.০২.০০০০.০০০.৩৬.০৭৩.২৫-০১**—গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি, **মোঃ ইউনুচ আলী, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা ও রিটার্নিং অফিসার** এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১১ ডিসেম্বর ২০২৫/২৬ অগ্রহায়ণ ১৪৩২ তারিখে ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৯.২৫-৩৬৭ নং প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনি এলাকার ভোটারগণকে স্ব-স্ব নির্বাচনি এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময় সূচি ঘোষণা করেছেন:

রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৪ পৌষ ১৪৩২ ২৯ ডিসেম্বর ২০২৫	সোমবার
রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৫-২০ পৌষ ১৪৩২ ৩০ ডিসেম্বর ২০২৫-০৪ জানুয়ারি ২০২৬	মঙ্গলবার-রবিবার
মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়েরের তারিখ	:	২১-২৭ পৌষ ১৪৩২ ০৫-১১ জানুয়ারি ২০২৬	সোমবার-রবিবার
আপিল নিষ্পত্তির তারিখ	:	২৮ পৌষ-০৪ মাঘ ১৪৩২ ১২-১৮ জানুয়ারি ২০২৬	সোমবার-রবিবার
প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০৬ মাঘ ১৪৩২ ২০ জানুয়ারি ২০২৬	মঙ্গলবার
প্রতীক বরাদ্দের তারিখ	:	০৭ মাঘ ১৪৩২ ২১ জানুয়ারি ২০২৬	বুধবার
ভোটগ্রহণের তারিখ	:	২৯ মাঘ ১৪৩২ ১২ ফেব্রুয়ারি ২০২৬	বৃহস্পতিবার
ভোটগ্রহণের সময়: সকাল ৭:৩০ ঘটিকা হতে বিকাল ৪:৩০ ঘটিকা পর্যন্ত।			

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং
নির্বাচিত শিল্প ও সেবা পরিসংখ্যান জরিপ
(এসএসআইএসএস) প্রকল্প

বিজ্ঞপ্তি

তারিখ : ৩০ অগ্রহায়ণ ১৪৩২/১৫ ডিসেম্বর ২০২৫

নং **৫২.০১.০০০০.৬৩৫.১৪.৩২২.২৫.৫০৬**—পরিসংখ্যান আইন-২০১৩ এর ধারা ১২, ১৩ ও ১৮ মোতাবেক উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপের জন্য শিল্প প্রতিষ্ঠানসমূহ হতে ২০২৪-২০২৫ অর্থ-বছরের তথ্যাবলি সংগ্রহকল্পে উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ-২০২৫ CAPI(Computer Assisted Personal Interviewing) পদ্ধতিতে পরিচালিত হবে। উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ ২০২৫ এর ফরম/তফসিল/প্রশ্নপত্র/রিটার্ন ও তৎসম্পর্কিত নোটিশ শিল্প প্রতিষ্ঠানসমূহের মালিক/সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের অবগতির জন্য এতদসঙ্গে প্রকাশ করা হইলো।

মোহাম্মদ মিজানুর রহমান
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং
নির্বাচিত শিল্প ও সেবা পরিসংখ্যান জরিপ (এসএসআইএসএস) প্রকল্প
পরিসংখ্যান ভবন (৫ম তলা, ব্লক-বি)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।

পরিসংখ্যান আইন ২০১৩ মোতাবেক 'উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ-২০২৫' এর রিটার্ন দাখিল করিবার নোটিশ

স্মারক নং **৫২.০১.০০০০.৬৩৫.১৪.৩২২.২৫.৫০৫**
তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪৩২/১৫ ডিসেম্বর ২০২৫

স্বত্বাধিকারী/প্রধান নির্বাহী কর্মকর্তা/ম্যানেজার
.....
.....

বিষয় : উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ-২০২৫ এর রিটার্ন দাখিলের নোটিশ।

এতদদ্বারা আপনাকে জানানো যাইতেছে যে, পরিসংখ্যান আইন-২০১৩ এর ধারা ১২, ১৩ ও ১৮ মোতাবেক উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপের জন্য শিল্প প্রতিষ্ঠানসমূহ হতে ২০২৪-২০২৫ অর্থবছরের তথ্যাবলি সংগ্রহকল্পে উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ-২০২৫ CAPI (Computer Assisted Personal Interviewing) পদ্ধতিতে পরিচালিত হবে। পরিসংখ্যান আইন ২০১৩ এর ১২ ও ১৩ ধারা মোতাবেক এতদসঙ্গে প্রেরিত দুই কপি জরিপ ফরম/তফসিল/প্রশ্নপত্র এর মধ্যে এক কপি জরিপ ফরম/তফসিল/প্রশ্নপত্রে ২০২৪ সালের জুলাই হইতে ২০২৫ সালের জুন মাস পর্যন্ত অর্থাৎ গত ২০২৪-২০২৫ অর্থ বছরের কিংবা তাহার পূর্বে আরম্ভ হইয়া উক্ত সময়ের মধ্যে সমাপ্ত হিসাব বৎসরে বিভিন্ন তথ্যাবলি যথারীতি প্রদান করতঃ উক্ত নোটিশ প্রাপ্তির ১০(দশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

০২। পরিসংখ্যান আইন-২০১৩ এর ১২ নং ধারার (১) নং উপধারায় বিধান রহিয়াছে যে, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, ব্যুরোর চাহিদা অনুযায়ী যে কোনো ব্যক্তি, সংস্থা, প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ উহাদের নিকট সংরক্ষিত তথ্য, ইত্যাদি ব্যুরোকে প্রদান করিতে বাধ্য থাকিবে। উক্ত আইনের ১৩নং ধারায় বিধান রহিয়াছে যে, এই আইনের অন্য কোনো বিধানে যাহা কিছু থাকুক না কেন, অন্যান্য আইনের বিধানাবলি ও যথাযথভাবে অবহিতকরণ সাপেক্ষে, মহাপরিচালক বা তৎকর্তৃক সাধারণ বা বিশেষভাবে ক্ষমতাপ্রাপ্ত ব্যুরের কোনো কর্মকর্তা বা কর্মচারী এই আইন বা বিধির অধীন তাহার উপর অর্পিত দায়িত্ব সম্পাদন করিবার উদ্দেশ্যে কোনো রেকর্ড, রেজিস্টার, দলিল বা এতদসংশ্লিষ্ট কোনো গুরুত্বপূর্ণ তথ্য পরীক্ষা, যাচাই-বাছাই বা সংগ্রহ করিবার জন্য কোনো ভবন বা স্থানে প্রবেশ করিবার অধিকারী হইবেন এবং সংশ্লিষ্ট ভবন বা স্থানের মালিক বা কর্তৃপক্ষ চাহিত তথ্য প্রদানে বাধ্য থাকিবেন। সরবরাহকৃত তথ্যাবলি সম্পূর্ণ গোপন রাখা হইবে এবং কোনো শিল্প কারখানার নাম উল্লেখ না করিয়া একই জাতীয় শিল্পের অন্যান্য রিটার্নসমূহের তথ্যাদির সহিত সংযোগ করিয়া এক সঙ্গে প্রকাশিত হইবে।

০৩। কোনো শিল্প কারখানা যদি ঐ বৎসরে আংশিকভাবেও চালু থাকে তথাপি তাহাকে কারখানার জমি, ঘর বা ভবন, মেশিন ও যন্ত্রপাতি, যানবাহন ও আসবাবপত্রের মূল্য এবং মজুদ কাঁচামাল, উৎপাদিত দ্রব্য ও কারখানার শ্রমিক, কর্মচারী যদি থাকে তাহাদের তথ্যাবলি দিতে হইবে।

০৪। এতদদ্বারা উৎপাদন শিল্প প্রতষ্ঠান জরিপ-২০২৫ রিটার্নের সঙ্গে ঐ বৎসরের লাভ-লোকসানের হিসাব বা পূর্ণ খতিয়ান সংবলিত এক কপি ব্যালেন্স সীট দাখিল করিবার জন্য অনুরোধ করা যাইতেছে।

০৫। ফরম/তফসিল/প্রশ্নপত্র/রিটার্ন পূরণ সম্পর্কিত কোনো ব্যাখ্যা বা বিশ্লেষণ প্রয়োজন হলে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং/এসএসআইএসএস প্রকল্প দপ্তরের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হইল।

সংযুক্তি:

(১) উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ-২০২৫ এর ফরম/তফসিল/প্রশ্নপত্র/রিটার্ন ০২(দুই) প্রস্থ।

মোহাম্মদ মিজানুর রহমান
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন : ৫৫০০৭০৫৬
ই-মেইল: dg@bbs.gov.bd